ভোরের কাগজ

143

তারিখ MAR. 09 2000
পৃষ্ঠা ২ কলাম ৬

এসএসসির ৬ষ্ঠ দিন

# নকল-বহিষ্কার সমানে সমান, উল্লাপাড়ায় ১২ বস্তা নকল উদ্ধার

কাগজ প্রতিবেদক : এএসসি পরীক্ষার ৬ষ্ঠ দিনে গতকালও বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে নকলের দায়ে পরীক্ষার্থী বহিষ্কার অব্যাহত রয়েছে। নকল প্রতিরোধে একটি পরীক্ষা কেন্দ্রে বিডিআর মোতায়েন করা হয়। পরীক্ষার খাতা জমা না দিয়ে বাড়ি নিয়ে যাওয়ায় একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

উল্লাপাড়া প্রতিনিধি জানান, উল্লাপাড়া পরীক্ষা কেন্দ্রে নকল প্রতিরোধে পুলিশের সঙ্গে গতকাল বিডিআর মোতায়েন করা হয়। এ কেন্দ্রে নকলের দায়ে ৭৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। উল্লাপাড়া কেন্দ্রে পরীক্ষা শুরুর আগে পরীক্ষার্থীদের দেহতল্লাশি করে প্রায় ১২ বস্তা নকল উদ্ধার করে তা পোড়ানো হয়।

বরিশাল প্রতিনিধি জানান, জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ঢালাও নকল অব্যাহত রয়েছে। গতকাল ৩৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

গৌরনদী প্রতিনিধি জানা, পাইলট বালিকা বিদ্যালয় কেন্দ্রের ১৫ নম্বর কক্ষের পরীক্ষার্থী পালরদী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী শামসুন্নাহার গতকাল পরীক্ষা শেষে খাতা জমা না দিয়ে খাতা নিয়ে বাড়ি চলে যায়। পরীক্ষা শেষে শিক্ষকরা খাতা গোছানোর পর বিষয়টি ধরা পড়লে কেন্দ্র সচিব মঙ্গলপাট্টি গ্রামে শামসুন্নাহারের বাড়ি গিয়ে খাতাটি উদ্ধার করেন। এ কারণে শামসুন্নাহারকে পরীক্ষা থেকে বহিষ্কার করা হয়।

চাঁদপুর প্রতিনিধি জানান, সমাজবিজ্ঞান ও সাধারণবিজ্ঞান এ দুই বিষয়ে গতকালের এসএসসি পরীক্ষায় জেলার ২২ কেন্দ্রে ৯০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

ঝালকাঠী প্রতিনিধি জানান, জেলার পাঁচটি পরীক্ষা কেন্দ্রে ছয়জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।